মেহেরপুরে প্রস্তাবিত হজ্ব যাত্রীদের ট্রেনিং প্রোগ্রাম অনুষ্ঠিত

মেহেরপুর প্রস্তাবিত হজ্ব যাত্রীদের ট্রেনিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার (২১ সেপ্টেম্বর) সকাল ১০টার সময় তাতাসা হজ্ব ও ওমরাহ কাফেলা মেহেরপুরের আয়োজনে প্রস্তাবিত হজ্ব যাত্রীদের ট্রেনিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়।

তাতাসা হজ্ব ও ওমরাহ কাফেলার ব্যবস্থাপনা পরিচালক মনিরুল ইসলাম সভাপতিত্বে প্রধান মেহমান হিসেবে উপস্থিত ছিলেন ইসলামী ফাউন্ডেশনের উপ পরিচালক এ জেএম সিরাজুম মূনীর।

বিশেষ মেহমান হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জাতীয় ইমাম পরিষদের সভাপতি ও হোটেল বাজার জামে মসজিদ ইমাম হাফেজ মাওলানা মোঃ রোকুনুজ্জামান, মেহেরপুর সদর থানা তদন্ত ওসি মোঃ মিজানুর রহমান, অগ্রণী ব্যাংক পিএলসির এজিএম মোঃ রমজান আলী, তাতাসা হজ্ব ও ওমরাহ কাফেলার উপদেষ্টা ও নওদাপাড়া জামে মসজিদের খতিব হাফেজ মাওলানা আবুল হাশেম, তাতাসা হজ্ব ও ওমরাহ কাফেলার উপদেষ্টা চুয়াডাঙ্গা কামিল মাদ্রাসার উপাধ্যক্ষ মোঃ খালিদ সাইফুল্লাহ।

এ ছাড়াও ভেড়ামারা ল্যাবএইড ডায়াগনস্টিক সেন্টারের ব্যবস্থাপক সাংবাদিক শাহ জামালের সঞ্চালনায় প্রস্তাবিত ২৭ জন হজ্ব যাত্রীরা উপস্থিত ছিলেন।

পরে দোয়া মাহফিল ও মোনাজাতের মাধ্যমে প্রস্তাবিত হজ্ব যাত্রীদের ট্রেনিং প্রোগ্রাম শেষ হয়।